নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২২৪৮ ২৫ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২৫ আগস্ট ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ ও জাতীয় সংগীত পরিবেশন করা হয়। এরপর নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেয়া হয়। দুইটি পর্বে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে নোবিপ্রবির সকল বিভাগের শিক্ষার্থীদের এদিন বরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমি শুরুতে নবীনদের অভিনন্দন, একই সঙ্গে তাদের এ যাত্রায় তাদের মা-বাবা অভিভাবকদের ধন্যবাদ জানাই। কারণ বাবা-মা তোমাদের এখানে পৌঁছাতে অনেক কষ্ট করেছেন। শিক্ষার জন্য এসো, সেবার জন্য ছড়িয়ে যাও, এ ব্রত নিয়ে শিক্ষার্থীরা শিক্ষাঙ্গনে প্রবেশ করে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের জন্য বড় সুযোগ হলো এখানে জ্ঞান সৃজনের অপার সুযোগ পাওয়া। বিশ্ববিদ্যালয় হলো নতুন জ্ঞান চর্চা এবং তৈরির স্থান। একাডেমিক শিক্ষার পাশাপাশি সমাজ ও রাষ্ট্রের জন্য হিতকর কাজে শিক্ষার্থীদের যুক্ত হবার আহ্বান জানাই।

এ সময় তিনি আরও বলেন, একজন মেধাবী শিক্ষার্থী হিসেবে সহশিক্ষা কার্যক্রম পরিচালনা করে এমন ক্লাবগুলোর সঙ্গে নবীন শিক্ষার্থীদের যুক্ত হতে হবে। এখনকার পৃথিবী হলো মুক্ত ও অগাধ সম্ভাবনার। এখানে গঠনমূলক চিন্তা, বিতর্ক, দ্বিমতকে সম্মান দিতে হবে। আমরা শিক্ষার্থীদের সেই গঠনমূলক চিন্তাকে প্রসারিত করতে চাই। বিশ্ববিদ্যালয়ে আমরা তোমাদের জন্য সে পরিবেশ উপহার দিতে চাই। আমি আশা করি, জ্ঞান অর্জনের পথে তোমরা নোবিপ্রবির প্রচলিত সকল আইন মেনে চলবে। সর্বোপরি একজন সৎ, আদর্শবান ও মানবিক মানুষ হিসেবে তোমরা প্রত্যেকে নিজেদের গড়ে তুলবে এবং আগামীতে দেশ সেবায় নিয়োজিত হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন পুলিশ সুপার, নোয়াখালী মো. আব্দুল্লাহ-আল-ফারুক। নোয়াখালীর জেলা প্রশাসকের পক্ষে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) জনাব তাসলিমুন নেছা। অন্যান্যের মাঝে আরও বক্তব্য রাখেন তুরস্কের আলানিয়া আলাদিন কেকুবাত বিশ্ববিদ্যালয়ের এভিয়েশন এন্ড স্পেস সায়েন্স ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. আতিলগান, নোবিপ্রবি জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান সিদ্দিকী, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন ড. মো. জিয়াউল হক, হল প্রভোস্ট অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ, মো. ফরিদ দেওয়ান এবং প্রক্টর এ এফ এম আরিফুর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নোবিপ্রবি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। অনুষ্ঠান সভাপতিত্ব করেন নোবিপ্রবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. শিবলুর রহমান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওযানুল হক বলেন, বাংলাদেশের প্রেক্ষাপটে তোমরা নোবিপ্রবির মতো একটি উন্নত বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছো। আশা করি আগামী চার-পাঁচ বছর পর তোমরা একটি টপ বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে বের হবে। পড়াশোনাটা প্রথম দিন থেকেই শুরু করতে হবে। পাশ করে বের হওয়ার সময় একটি ভালো সিভি নিয়ে যেনো বের হতে পারো সেই চেষ্টা করতে হবে। ইংরেজির ওপর দক্ষতা অর্জন করতে হবে এবং কমিউনিকেশন স্কিল বাড়াতে হবে। বিশ্ববিদ্যালয়ের পড়াশোনা নির্দিষ্ট কোনো বইয়ে সীমাবদ্ধ নয়। এখানে অবারিত সুযোগ রয়েছে তোমাদের শেখার জন্য। বিশ্ববিদ্যালয়ে ভালো এবং খারাপ দুটি দিকেই যাওয়ার সুযোগ রয়েছে। তোমরা কোন দিকে ধাবিত হবে তা তোমাদেরকেই বেছে নিতে হবে।

বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ বলেন, বিশ্ববিদ্যালয় মূলত যে কাজটি করে তা হলো আমাদের শিক্ষার্থীদের সুন্দর একটি জীবন উপহার দেয়। শিক্ষার্থীদের এ কাজে সর্বদা পাশে থাকে তাদের বিভাগের শিক্ষকবৃন্দ। সুতরাং

আজকে নবীন শিক্ষার্থীদের সিদ্ধান্ত নিতে হবে তারা কি সুন্দর জীবন বেছে নেবে, না অকল্যাণের পথে যাবে। ভালো-মন্দ নির্বাচনের দায়িত্ব তোমাদের। আমরা তোমাদের সহযোগী হিসেবে তোমাদের কল্যাণের পথে এগিয়ে দেবো। একাডেমিক শিক্ষার পাশাপাশি তোমরা নোবিপ্রবিতে বিদ্যমান ক্লাবগুলোর সদস্য হয়ে সহশিক্ষা কার্যক্রমে যুক্ত হবে বলে আমি প্রত্যাশা করি। সর্বোপরি, একজন মেধাবী শিক্ষার্থীর পাশাপাশি একজন মানবিক মানুষ হিসেবে তোমরা নিজেকে প্রস্তুত করবে এই আশাবাদ ব্যক্ত করি।

আমন্ত্রিত অতিথির বক্তব্যে পুলিশ সুপার জনাব মো. আব্দুল্লাহ-আল-ফারুক বলেন, আমরা সেই জাতি, যে জাতি স্বল্প সময়ের মধ্যে স্বাধীনতা ছিনিয়ে এনেছি। সুতরাং আমরা অতীতে পেরেছি ভবিষ্যতেও পারবো যদি নিজেরা বিভক্ত হয়ে না যাই। আমরা প্রত্যেকে তার স্বপ্নের সমান বড় হতে চাই, তবে সেই স্বপ্নই দেখতে হবে যা আমরা ছুঁতে পারবো। একদিন আমি তোমাদের কাতারে ছিলাম। অনেক বড় সৌভাগ্য আজ আমি তোমাদের সামনে কথা বলছি। একদিন তোমরাও অনেক বড় হবে এ প্রত্যাশা করছি।

নোয়াখালী জেলা প্রশাসকের পক্ষে আমন্ত্রিত অতিথি হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক জনাব তাসলিমুন নেছা বলেন, আজকের এ মুখরিত প্রাঙ্গনটিতে আপনাদের স্বপ্ন বাস্তবায়নের প্রক্রিয়া শুরু হলো এবং সকলে মিলে কিভাবে একটি নতুন দেশ গড়ে তোলা যায় তার একটি ক্ষেত্র আপনারা তৈরি করবেন। আপনারা নিজেকে সংযত রেখে সঠিক পথে পরিচালিত হবেন। এখানে উদ্ভাবনের এবং গবেষণার সুযোগ রয়েছে। নিজের মেধা ও মননের সর্বোচ্চ শিখরে পৌঁছাতে আপনাদের এ পথচলা সফল হোক।

নোবিপ্রবি শিক্ষার্থী মোহাম্মদ ইউসুফ শেখ এবং হুমায়রা জান্নাত এর সঞ্চালনায় অনুষ্ঠানে জুলাই যোদ্ধাদের পক্ষে বক্তব্য রাখেন নোবিপ্রবি শিক্ষার্থী কাওসার আহমেদ হিমেল। নবীন শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন নুসরাত জাহান, বুলবুল হোসেন ফাহিম, মোসলেমা খাতুন সুরাইয়া ও মো. রাকিব হোসেন। সাধারণ শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন খালেদ সায়মন ও আবু সুফিয়ান। নোবিপ্রবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান ও হলের প্রভোস্টবৃন্দ এবং শিক্ষক, নবীন শিক্ষার্থী, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪